গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
ইএমআইএস সেল
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১১১.৩৯.০০০৬.২০.৪৯

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩৩ / ১৪ অক্টোবর ২০২৬

বিষয়: **মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের অক্টোবর-২০২৬ মাসের এমপিও এর অর্থ EFT-তে প্রেরণের লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক বিল সাবমিট সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের এমপিও এর অর্থ EFT-তে প্রদানের লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধান তাঁর প্রতিষ্ঠানের এমপিও সংক্রান্ত কাজের জন্য ব্যবহৃত আইডি এবং পাসওয়ার্ড-এর মাধ্যমে EMIS সিস্টেমের MPO-EFT মডিউলে লগ-ইন করে Bill Submit করেন। এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীর এমপিও এর অর্থ EFT-তে প্রেরণের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানের দাখিলকৃত তথ্যই চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে। ভুল তথ্যের কারণে কোনো শিক্ষক-কর্মচারীর এমপিও এর অর্থ EFT-তে প্রেরিত না হলে বা অতিরিক্ত অর্থ প্রেরিত হলে তার দায়ভার প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে। অসাবধানতাবশত ভুল তথ্য প্রদান বা অন্য কোনো কারণে কোনো শিক্ষক/কর্মচারী অতিরিক্ত অর্থ প্রাপ্ত হলে সেই অর্থ ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করে চালানের কপি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষণ করবেন।

এমতাবস্থায়, **আগামী ২০/১০/২০২৬ তারিখের মধ্যে অক্টোবর-২০২৬ মাসের এমপিও বিল সাবমিট করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে অনুরোধ করা হলো।**

১৪-১০-২০২৬
প্রফেসর ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল
মহাপরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল/কলেজ)।
২। সভাপতি, প্রতিষ্ঠান পরিচালনা পর্ষদ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠান।

দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৩। পরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
৪। উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
৫। প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
৬। জেলা শিক্ষা অফিসার, -সকল জেলা।
৭। সহকারী প্রোগ্রামার, জেলা শিক্ষা অফিস (সকল)।
৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, -সকল উপজেলা/থানা।
৯। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।

১৫-১০-২০২৬
মোঃ হুমায়ুন কবীর
সিনিয়র সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব)